

PTA-এর সাধারণ সভার কার্যবিবরণী

১৫ অক্টোবর, ২০২৬ — ভার্চুয়াল সভা (Zoom)

১. সূচনা

- সভার জন্য প্রয়োজনীয় কোরাম নিশ্চিত করা হয়েছে।

২. আগের সভার কার্যবিবরণী অনুমোদন

- আগের সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব উত্থাপন করা হয়েছে।

৩. টাইটেল I — PS 134 এখনও একটি টাইটেল I স্কুল

- টাইটেল I হলো স্কুলগুলোর জন্য অর্থায়ন কর্মসূচি, এটি পৃথক পরিবারগুলোর জন্য নগদ আর্থিক সুবিধা নয়। স্কুল অনুমোদিত শিক্ষামূলক কাজে এই অর্থ ব্যবহার করে।
- এই অর্থায়ন মূলত অর্থনৈতিক চাহিদার ওপর ভিত্তি করে নির্ধারিত হয়।
- এর অর্থ এই নয় যে সব শিক্ষার্থী পড়াশোনায় পিছিয়ে আছে। টাইটেল I বিভিন্ন শিক্ষাগত সক্ষমতা ও পারিবারিক পরিস্থিতির শিক্ষার্থীদের সহায়তা করে।

PS 134-এ টাইটেল I-এর অর্থ নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে ব্যবহার করা হয়:

- **অতিরিক্ত শিক্ষাগত সহায়তা:** অক্টোবর থেকে এপ্রিল পর্যন্ত সকাল ও বিকেলের কর্মসূচিতে অতিরিক্ত শিক্ষক নিয়োগ করা হয়, যাতে শিক্ষার্থীরা ইংরেজি ভাষা (ELA) ও গণিতে বাড়তি সহায়তা পায়।
- **স্কুলের প্রয়োজনীয় সামগ্রী:** গত আট বছর ধরে টাইটেল I-এর অর্থ দিয়ে শিক্ষার্থীদের নতুন শিক্ষাবর্ষ শুরুর জন্য প্রয়োজনীয় স্কুলের সামগ্রী সরবরাহ করা হয়েছে।
- **শিল্পকলা ও সমৃদ্ধিমূলক কার্যক্রম:** কিন্ডারগার্টেন থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য ব্যালে ক্লাস, থিয়েটার, স্কুলে শিল্পকলার বিশেষ কর্মসূচি এবং অন্যান্য সমৃদ্ধিমূলক কার্যক্রম।
- **কার্নেগি হল (সংগীত):** বাদ্যযন্ত্র কেনা এবং শিক্ষার্থীদের বার্ষিক পরিবেশনায় অংশগ্রহণের খরচে সহায়তা করা।
- **লাইব্রেরির উপকরণ:** লাইব্রেরির বই এবং শ্রেণিকক্ষের জন্য বইয়ের সেট কেনার অর্থায়ন করা হয়। এসব বই HMH রিডিং প্রোগ্রামের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

- **অতিরিক্ত সমৃদ্ধিমূলক কার্যক্রম:** বিজ্ঞানভিত্তিক শিক্ষামূলক ভ্রমণ, বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব এবং শিক্ষাসফরের খরচের একটি অংশে সহায়তা করা হতে পারে। এই শিক্ষাবর্ষে COOL Culture Pass-ও যুক্ত হয়েছে।
- **কর্মীদের বেতন:** কিছু নিয়োগপ্রাপ্ত শিক্ষক এবং বিকল্প শিক্ষকদের বেতনের একটি অংশ বহন করতে সহায়তা করা হয়।

৪. বিশেষ অতিথি: Irvin Simon-এর ফটোগ্রাফাররা — স্কুলের ছবি তোলার দিন

- **৪ নভেম্বর** PS 134-এ স্কুলের ছবি তোলা দিন।
- শিক্ষার্থীরা এদিন বিশেষ পোশাক পরে আসতে পারবে। নিরাপত্তার কারণে উঁচু হিলযুক্ত জুতা এবং সামনের দিকে খোলা জুতা পরা যাবে না।
- ছবিগুলো অনলাইনে দেখার জন্য প্রস্তুত হতে প্রায় তিন সপ্তাহ সময় লাগতে পারে।
- অনলাইনে ছবি দেখা ও অর্ডার করার নির্দেশনাসহ তথ্যপত্র শিক্ষার্থীদের মাধ্যমে বাড়িতে পাঠানো হবে।
- শ্রেণির সম্মিলিত ছবিসহ বিভিন্ন ধরনের ছবির প্যাকেজ বেছে নেওয়ার সুযোগ থাকবে। ডিজিটাল ছবি ডাউনলোড করা অথবা মুদ্রিত ছবির প্যাকেজ নেওয়া যাবে।
- ছবিগুলো ব্যক্তিগত পছন্দ অনুযায়ী সাজানোর সুযোগ থাকবে। ছুটির মৌসুমে উপহার দেওয়ার জন্যও সুন্দর কিছু বিকল্প পাওয়া যাবে।
- **পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের ছবি:** বিভিন্ন বিকল্প থাকবে। গ্র্যাজুয়েশন গাউন ও টুপি পরা অবস্থায় বিভিন্ন ভঙ্গিতে ছবি তোলা হবে। সাধারণ ছবির বিকল্পও থাকবে।
- সাধারণত অর্ডার ২৪ ঘণ্টার মধ্যে পাঠানো হয়। বড় অর্ডারের ক্ষেত্রে ৪৮ ঘণ্টা লাগতে পারে। অর্ডার পাওয়ার জন্য ৫ থেকে ৭ কর্মদিবস সময় লাগবে।
- পুনরায় ছবি তোলা তারিখ **শুক্রবার, ৮ জানুয়ারি, ২০২৭।**

৫. ডিস্ট্রিক্ট ২২-এর প্রেসিডেন্টস কাউন্সিল সভার আপডেট

- প্রেসিডেন্টস কাউন্সিলের সভা আগামী সপ্তাহে, বুধবার, ২১ অক্টোবর অনুষ্ঠিত হবে।
- পরবর্তী সরাসরি PTA সভায় বিস্তারিত জানানো হবে।

৬. কোষাধ্যক্ষের প্রতিবেদন

- গত বছরের একই সময়ের তুলনায় এ বছর সদস্যপদ ফি থেকে আয় বেশি হয়েছে। তবে পরবর্তী কোষাধ্যক্ষের প্রতিবেদনে ব্যাংক অ্যাকাউন্টের বর্তমান ব্যালেন্স এবং বাজেটের অবশিষ্ট লক্ষ্যমাত্রার হিসাব মিলিয়ে নিতে হবে।

- গত বছরের অক্টোবর মাসের একই ধরনের সভায় সদস্যপদ ফি থেকে **১,৪৬৫ ডলার** আয়ের কথা জানানো হয়েছিল।
- এ বছর PTA **১,৬৫৮ ডলার** আয়ের কথা জানিয়েছে, যা গত বছরের তুলনায় ১৯৩ ডলার বেশি।
- চলতি মাস পর্যন্ত মোট বাজেট **১১,৩৯৮.১০ ডলার**। (প্রাথমিক ব্যালেন্স ছিল ৯,৭৪০.১০ ডলার।)

৭. স্কুল লিডারশিপ টিম (SLT)-এর আপডেট

SLT-এর সদস্যদের মধ্যে রয়েছেন স্কুলের প্রিন্সিপাল, PTA সভাপতি, UFT প্রতিনিধি, টাইটেল। প্রতিনিধি এবং কমিটির চেয়ারপারসন। এই দল শিক্ষানীতি ও সামগ্রিক শিক্ষাদান পরিকল্পনা তৈরি করে।

- **থিয়েটার কর্মসূচি:** গত সপ্তাহে থিয়েটারের বিশেষ কর্মসূচি শুরু হয়েছে। এ বছর তিনটি বিশেষ কর্মসূচি অনুষ্ঠিত হবে: Inside Broadway, ব্যালে এবং Studio in a School।
- **মিডল স্কুলে ভর্তির আবেদন:** মিডল স্কুলে ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়েছে।
- **প্রাথমিক মূল্যায়ন:** ৫ অক্টোবরের SLT সভার আগেই শিক্ষার্থীরা তাদের প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করেছিল। স্কুল তাদের ফলাফল পর্যালোচনা করছিল, যাতে সামগ্রিক শিক্ষা পরিকল্পনা (CEP) অনুযায়ী শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়ন করা যায়।
- **২০ অক্টোবর — সকাল ও বিকেলের কর্মসূচি (অক্টোবর থেকে এপ্রিল):**
 - সকালের কর্মসূচি: সকাল ৭:২৫ থেকে ৮:০৫ পর্যন্ত।
 - বিকেলের কর্মসূচি: দুপুর ২:৩০ থেকে ৩:৩০ পর্যন্ত।
 - কর্মসূচিগুলো মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে।
- **৩০ অক্টোবর — শরৎ উৎসব (Fall Festival):** অনুষ্ঠানের ছবি সরবরাহ করা হবে।
- **৩ নভেম্বর — নির্বাচনের দিন:** শিক্ষার্থীদের দূরশিক্ষণের মাধ্যমে পড়াশোনা করতে হবে। এ বছর এটি একটি নতুন ব্যবস্থা।

প্রশ্ন: শিক্ষার্থীরা কি স্কুলের পুরো সময় ট্যাবলেট ব্যবহার করবে?

- ডিস্ট্রিক্ট ২২ এবং/অথবা চ্যান্সেলরের কাছ থেকে আরও নির্দেশনার অপেক্ষা করা হচ্ছে। নির্দেশনা পাওয়ার পর স্কুলের পক্ষ থেকে দূরশিক্ষণ এবং এ-সংক্রান্ত নিয়মাবলি সম্পর্কে সব পরিবারকে জানানো হবে। অভিভাবক সমন্বয়কারী মিসেস বাটের মাধ্যমে এবং/অথবা Google Classroom-এ প্রতিটি শ্রেণির শিক্ষকরা প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা দেবেন।

- আগের বছরগুলোতে ছোট শ্রেণির শিক্ষার্থীদের জন্য সংক্ষিপ্ত সময়সূচি ব্যবহার করা হয়েছিল। এ বছর সময়সূচি আরও সংক্ষিপ্ত হতে পারে। চূড়ান্ত নির্দেশনা এখনও পাওয়া যায়নি।
- **৫ নভেম্বর — অভিভাবক-শিক্ষক সম্মেলন:** সেদিন স্কুল অর্ধদিবস চলবে।

UFT-এর উদ্যোগসমূহ

UFT প্রতিনিধি নিম্নলিখিত আপডেটগুলো জানিয়েছেন:

- **২৫ অক্টোবর:** স্তন ক্যানসার প্রতিরোধ ও সচেতনতার জন্য Making Strides Against Breast Cancer পদযাত্রা সকালে কনি আইল্যান্ডে অনুষ্ঠিত হবে।
- **খেলনা সংগ্রহ অভিযান:** এই অভিযান ১৭ ডিসেম্বর পর্যন্ত চালিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে।
- **স্তন ক্যানসার সচেতনতা কার্যক্রম:** ১৪ অক্টোবর একটি সচেতনতামূলক কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।
- **একটি বাসের খরচ বহনের জন্য PTA-এর কাছে শিক্ষকের অনুরোধ:** একজন শিক্ষক PTA-কে একটি বাসের খরচ বহন করার অনুরোধ জানিয়েছেন। খরচ জানা না পর্যন্ত সিদ্ধান্ত স্থগিত থাকবে। খরচ জানার পর PTA-কে এ বিষয়ে ভোট নিতে হবে।
 - DOE-অনুমোদিত বাস কোম্পানির সঙ্গে চুক্তি নিয়ে আলোচনা করার সময় PTA-এর পরিচালনা পর্ষদকেও অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষক ও স্কুল কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হয়েছে।

৮. হলিডে শপ (Holiday Shop)

- **৭ ও ৮ ডিসেম্বর,** দুই দিন ধরে স্কুলের প্রধান তলার করিডরে হলিডে শপ বসবে।
- হলিডে শপে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার জন্য অভিভাবকদের আমন্ত্রণ জানিয়ে একটি তথ্যপত্র শিগগিরই শেয়ার করা হবে।
- দোকানের পণ্য সরবরাহের জন্য Penguin Patch-কে নির্বাচিত করা হয়েছে।
- পণ্যগুলো নভেম্বরের শেষ দিকে এসে পৌঁছাবে।
- দুই দিনের কেনাকাটার মাঝখানে সোমবার রাতে স্কুলে পণ্য সংরক্ষণ করার অনুমতি প্রিন্সিপাল দিয়েছেন।

৯. আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- বেক সেল (বেক করা খাবার বিক্রি): আগামী শুক্রবার, ২৩ অক্টোবর।
- স্কুলের ছবি তোলার দিন: বুধবার, ৪ নভেম্বর।
- PTA-এর পরবর্তী সরাসরি সভা: ১৯ নভেম্বর, সকাল ৮:৩৫ মিনিটে।